

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৭৬

পরিচ্ছেদঃ ওজর বশত জিহাদে অংশগ্রহণ না করে ঘরে বসে থাকা।

باب مَا جَاءَ فِي الرُّخْصَةِ لأَهْلِ الْعُذْرِ فِي الْقُعُودِ

আরবী

حَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِي الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " انْتُونِي بِالْكَتِفِ أَوِ عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " انْتُونِي بِالْكَتِفِ أَوِ اللَّوْحِ ". فَكَتَبَ: (لاَ يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ) وَعَمْرُو بْنُ أُمِّ مَكْتُومٍ خَلْفَ ظَهْرِهِ فَقَالَ هَلْ لِي مِنْ رُخْصَةٍ فَنَزلَت : (غَيْرُ أُولِي الضَّرَرِ) . وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبْاسٍ وَجَابِرٍ وَزَيْدِ بْنِ تَابِت . وَهَذَا حَدِيثٌ حَسَنُ صَحِيحٌ وَهُو حَدِيثٌ غَرِيبٌ مِنْ عَبْاسٍ وَجَابِرٍ وَزَيْدِ بْنِ تَابِت . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَهُو حَدِيثٌ غَرِيبٌ مِنْ حَديثِ سُلَيْمَانَ التَّيْمِيِّ عَنْ أَبِي إِسْحَاقَ . وَقَدْ رَوَى شُعْبَةُ وَالتَّوْرِيُّ عَنْ أَبِي إِسْحَاقَ هَذَا الْحَديثُ .

বাংলা

১৬৭৬। নাসর ইবনু আলী জাহযামী (রহঃ) ... বারা ইবনু আযিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন বললেন, উটের কাঁধের হাড় বা কাষ্ঠফলক নিয়ে এস। এরপর তিনি লিখতে বললেন,

لاَ يَسْتَوي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ

মু'মিনদের মধ্যে যারা ঘরে বসে থাকে তারা তাদের সমান নয়। (সূরা নিসাঃ ৯৫)

আমর ইবনু উম্মু মাকতুম এ সময় তাঁর পিছনে ছিলেন। তিনি বললেন, আমার জন্য কি কোন অবকাশ আছে? তখন নাযিল হল,غَيْرُ أُولِي الضَّرَر ఫ్రై নিসাঃ ৯৫)

সহীহ, বুখারী ২৮৩১, ৪৫৯৩, ৪৫৯৪, মুসলিম ৬/৪৩, "কাষ্ঠফলক" শব্দ ব্যতীত, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৭০ [আল মাদানী প্রকাশনী]



এই বিষয়ে ইবনু আব্বাস, জাবির, যায়দ ইবনু ছাবিত রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। এই হাদীসটি হাসান-সহীহ। সুলায়মান তায়মী-আবূ ইসহাক (রহঃ) সূত্রে বর্ণিত হাদীস হিসাবে গারীব। শু'বা ও ছাওরী (রহঃ)-ও এ হাদীসটি আবূ ইসহাক (রহঃ) থেকে বর্ণনা করেছেন।

English

Narrated Al-Bara' bin 'Azib:

That the Messenger of Allah () said: "Bring me a shoulder blade or tablet." Then he wrote: Not equal are those of believers who sit. 'Amr bin Umm Maktum who was behind him said: "Is there an exemption for me?" So the following was revealed: Except those who are disabled.

There are narrations on this topic from Ibn 'Abbas, Jabir and Zaid bin Thabit.

This Hadith is Hasan Sahih and it is a Hadith that is Gharib from the narration of Sulaiman At-Taimi from Abu Ishaq.

And Shu'bah and Ath-Thawri reported this Hadith from Abu Ishaq.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন